

কম্পিউটারে জুম বা অনলাইন মিটিংয়ের সাধারণ নির্দেশিকা

১. মিটিং হোস্ট প্রদত্ত লিংকে ক্লিক করে মিটিংয়ে যোগ দিন। যদি এটা আপনার প্রথম জুম মিটিং হয় তবে লিংকে ক্লিক করার পর **Download and run Zoom** এ ক্লিক করুন। এরপর **Zoom.exe** নামে একটি ফাইল ডাউনলোড হবে এবং সেটি ওপেন ও ইন্সটল করুন।
২. কম্পিউটারের মাধ্যমে মিটিংয়ে যোগ দিলে আপনি স্ক্রিনের নিচের দিকে একটি কন্ট্রোল বার পাবেন যা দেখতে অনেকটা নিচের ছবির মত।



৩. আপনি আপনার মাইক্রোফোন বন্ধ/চালু করতে কন্ট্রোল বারের একেবারে বাম পাশের মাইক্রোফোন আইকনে ক্লিক করুন। যদি আপনার ডিভাইসে ক্যামেরা থাকে তবে আপনি মাইক্রোফোনের পাশের ভিডিও আইকনে ক্লিক করে ক্যামেরা চালু/বন্ধ করতে পারেন। শুধুমাত্র নিজের বক্তব্যের সময় ছাড়া অন্যান্য সময় মাইক্রোফোন বন্ধ রাখুন।



৪. মিটিং হোস্টের অনুমতি সাপেক্ষে আপনি আপনার স্ক্রিন সকলের দেখার জন্য শেয়ার করতে পারেন। সেক্ষেত্রে যে ডকুমেন্ট/ প্রেজেন্টেশন/ ভিডিও আপনি দেখাতে চান সেটি ওপেন করে কন্ট্রোল বারের মাঝামাঝি অবস্থিত **Share screen** এ ক্লিক করুন। কোন প্রোগ্রাম শেয়ার করবেন তা নির্বাচন করে দিন।



৫. সকল অংশগ্রহণকারী বা ব্যক্তি বিশেষের সাথে মতামত আদান-প্রদান করতে **Chat** অপশনটি ব্যবহার করুন।



৬. অনুবাদ শোনা: যদি মিটিংটির অনুবাদ সুবিধা থাকে তবে আপনার কন্ট্রোল বারে Interpretation নামে একটি আইকন পাবেন। অনুবাদ শুনতে Interpretation আইকনে ক্লিক করে আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন। এখন আপনি মূল অডিও এবং অনুবাদকৃত অডিও দুটোই শুনতে পাবেন তবে মূল অডিও তুলনামূলক কম ভলিউমে শুনতে পাবেন। শুধুমাত্র অনুবাদকৃত অডিও শুনতে Mute Original Audio তে ক্লিক করুন।

